



ভর্তি

নিটোরে প্রথম বর্ষে ভর্তি পরীক্ষা, আবেদন করুন দ্রুত

নিজস্ব প্রতিবেদক ঢাকা

ফাইল ছবি : প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy. OK

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা অনুষদের অধীন জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) ২০২৩-২৪ শিক্ষাবর্ষে বিএসসি ইন ফিজিওথেরাপি কোর্সের প্রথম বর্ষে ভর্তিতে আবেদনের সময় বাড়ানো হয়েছে। আগামী ১০ মার্চ পর্যন্ত আবেদনের সময় বাড়ানো হয়েছে। আগে আবেদন শেষ সময় ছিল ২৯ ফেব্রুয়ারি পর্যন্ত। এদিকে ভর্তি পরীক্ষাও পিছিয়েছে। আগে ভর্তি পরীক্ষা তারিখ ছি ২৬ এপ্রিল (শুক্রবার)। সেটা পিছিয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ৩ মে।

৪ (চার) বছর একাডেমিক ও ১ বছর বাধ্যতামূলক ইন্টার্নশিপসহ সর্বমোট ৫ (পাঁচ) বছর মেয়াদি এ আবেদন শুরু হয় গত ১৪ জানুয়ারি থেকে। [অনলাইনে এই লিংকের](#) মাধ্যমে আবেদন করতে পারছেন শিক্ষার্থীরা। ক্ষুদ্র জাতিগোষ্ঠী প্রার্থীদের জন্য একটি ও মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য দুটি আসন সংরক্ষিত থাকবে। এবারও দ্বিতীয়বার পরীক্ষা দেওয়ার সুযোগ থাকছে।

ফাইল ছবি : বাসস

ভর্তি আবেদনের যোগ্যতা—

*বাংলাদেশের যেকোনো শিক্ষা বোর্ড বা মাদ্রাসা শিক্ষা বোর্ড অথবা দেশের বাইরে যেকোনো স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি ও এইচএসসি অথবা সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে পদার্থবিদ্যা, রসায়ন ও জীববিজ্ঞান উভয় পরীক্ষায় মোট জিপিএ ৮ থাকতে হবে। আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩ দশমিক ৫ থাকতে হবে।

By using this site, you agree to our Privacy Policy.

*শুধু 'ক্ষুদ্র নৃগোষ্ঠী' প্রার্থীর ক্ষেত্রে প্রাপ্ত জিপিএর যোগফল ন্যূনতম ৭ থাকতে হবে। তবে এককভাবে কোনো পরীক্ষার একটিতে গ্রেড পয়েন্ট ৩ থাকতে হবে।

*যেসব প্রার্থী ২০২০ সালের আগে এসএসসি ও ২০২২ সালের আগে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ, তাঁদের আবেদন করার দরকার নেই।

ভর্তি পরীক্ষার নম্বর বণ্টন—

পদার্থবিজ্ঞানে ৩০, রসায়নে ৩০ ও জীববিজ্ঞানে ৩০ নম্বর এবং ইংরেজি ও সাধারণ জ্ঞানে ১০ নম্বর; সর্বমোট ১০০ (এক শ) নম্বরের ভিত্তিতে এমসিকিউ পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য ১ (এক) নম্বর এবং ভুল উত্তরের জন্য শূন্য দশমিক ২৫ নম্বর কাটা হবে। প্রার্থীদের এসএসসিতে প্রাপ্ত গ্রেডিংয়ের সঙ্গে ৮ ও এইচএসসিতে প্রাপ্ত গ্রেডিংয়ের সঙ্গে ১২ গুণ করে ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরসহ মেধাতালিকা প্রস্তুত করা হবে। প্রাপ্ত নম্বর সমান হলে এইচএসসি পরীক্ষায় পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞানে প্রাপ্ত মোট পয়েন্টের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।

ভর্তির প্রক্রিয়া—

ভর্তির সময় প্রত্যেক প্রার্থীকে এসএসসি ও এইচএসসি অথবা সমমানের পরীক্ষার মূল সনদ, নম্বরপত্র ও শারীরিক সুস্থতার সনদ (মেডিকেল ফিটনেস) অত্র প্রতিষ্ঠানে জমা দিতে হবে। অত্র প্রতিষ্ঠানে কোনো আবাসিক ব্যবস্থা নেই, ছাত্রছাত্রীদের নিজেদের ব্যক্তিগত ব্যবস্থাপনায় থাকা-খাওয়ার ব্যবস্থা এবং কোর্স শেষে ১ (এক) বছর ইন্টার্নশিপ প্রশিক্ষণ নিতে হবে।

অনলাইন আবেদনপ্রক্রিয়া এই ওয়েবসাইটের মাধ্যমে করতে হবে। এ ছাড়া ১,০০০/- (এক হাজার) টাকা চলতি হিসাব নং '0200001767274', অগ্রণী ব্যাংক লিমিটেড, শ্যামলী শাখা, ঢাকা-এর অনুকূলে বাংলাদেশের অগ্রণী ব্যাংকের যেকোনো অনলাইন শাখায় জমা দিয়ে রসিদ সংগ্রহ করতে হবে।

অনলাইনে আবেদনের জন্য আবেদনকারীর ছবি ও স্বাক্ষর (সর্বোচ্চ 300kb, JPG) এবং ব্যাংক জমা রসিদের স্ক্যান কপি (সর্বোচ্চ 400kb, JPG) প্রয়োজন হবে। অনলাইন আবেদনের বিস্তারিত নির্দেশনা ওয়েবসাইট দেখে যথাযথভাবে আবেদনপ্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

আবেদনের জন্য গুরুত্বপূর্ণ তারিখ

*আবেদন শুরু : ১৪ জানুয়ারি

*আবেদন শেষ : আগামী ১০ মার্চ, রাত ১২টা পর্যন্ত

*প্রবেশপত্র সংগ্রহ : আগামী ২৪ এপ্রিল থেকে ২ মে (রাত ১২টা পর্যন্ত) প্রবেশপত্র সংগ্রহ করা যাবে।

By using this site, you agree to our Privacy Policy.

*ভর্তি পরীক্ষা : ৩ মে (শুক্রবার)। সকাল ১০টায় শুরু হবে। পরীক্ষা হবে ১ ঘণ্টা।

প্রবেশপত্র সংগ্রহ

২৪ এপ্রিল থেকে ২ মে (রাত ১২টা পর্যন্ত) শিক্ষার্থীরা ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।
ডাউনলোড করা প্রবেশপত্রের রঙিন প্রিন্ট কপিসহ ভর্তি পরীক্ষার দিন উপস্থিত হতে হবে।

ভর্তি পরীক্ষার ভেন্যু

৩ মে সকাল ১০টায় শুরু হবে ভর্তি পরীক্ষা। বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমি (সাবেক আগারগাঁও তালতলা সরকারি কলোনি স্কুল অ্যান্ড মহিলা কলেজ) কেন্দ্রে অনুষ্ঠিত হবে ১ ঘণ্টার পরীক্ষা।

**নিটোরে ভর্তিতে আবেদনের পদ্ধতি ও বিস্তারিত দেখতে এখানে ক্লিক করুন

<http://nitorbd.bigsoft.com/apply>

<http://nitorbd.bigsoft.com/2024-02-24%2016.40.54.jpg>



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো